যুগান্তর

তারিখ ... 30 MAR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারপন্থী দুটি শিক্ষক সংগঠনের পাল্টাপাল্টি সমাবেশ

**যুগান্তর রিপোর্ট**

সরকারপন্থী দুটি শিক্ষক সংগঠন রাজধানীতে পাল্টাপাল্টি সমাবেশ করেছে। বুধবার উভয় সংগঠনের সমাবেশে সারা দেশ থেকে কয়েক হাজার শিক্ষক যোগ দেন। দুটি সংগঠনের একটি স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) প্রতিষ্ঠার ৬ষ্ঠ বার্ষিকী উপলক্ষে ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউটে সমাবেশ করে। সারা দেশ থেকে বাসভর্তি কয়েক হাজার শিক্ষক এতে যোগ দেন।

সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী। এতে প্রধান অতিথির বক্তৃতা করেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. আবদুর রাজ্জাক এমপি। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মুহাম্মদ আহসানউল্লাহ। আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক শামসুন্নাহার চাঁপা এবং স্বাশিপ সাধারণ সম্পাদক শাহজাহান আলম সাজুসহ অন্য শিক্ষক নেতারা এতে বক্তৃতা করেন। বক্তারা শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ বিভিন্ন দাবি জানান। ড. আবদুর রাজ্জাক এমপি ও সোহরাব হোসাইন শিক্ষকদের জীবনমান উন্নয়নে সরকারের পক্ষ থেকে সব ধরনের সহায়তার আশ্বাস দেন।

অপরদিকে কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ শিক্ষক সমিতি সমাবেশ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## সরকারপন্থী দুটি শিক্ষক

(৩য় পৃষ্ঠার পর)

করে। সকালে হাইকোর্ট মাজার গেটে শিক্ষকদের অনেককে জড়ো হয়ে মিছিলসহ কেন্দ্রীয় শহীদ মিনারে যেতে দেখা যায়। বিক্ষিপ্তভাবে প্রতিষ্ঠান জাতীয়করণ না করে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, শিক্ষকদের এমপিও দেয়াসহ ৬ দফা দাবি তুলে ধরা হয় সমাবেশে। এতে দাবি আদায়ে ১১ এপ্রিল থেকে কর্মবিরতিসহ প্রতীকী ধর্মঘট এবং ১৫ মে সংবাদ সম্মেলনে পরবর্তী কর্মসূচি ঘোষণার কথা বলা হয়। এতে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি আবুবকর সিদ্দিক। সাধারণ সম্পাদক অধ্যক্ষ আবুল কাসেমসহ শিক্ষক নেতা রঞ্জিত কুমার সাহা, বজলুর রহমান মিয়া, মাসুম হাসান প্রমুখ বক্তৃতা করেন।